দৈনিক বাংলা

24 JUL 1997

তারিখ ... 24 ... 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

20

# ইডেন কলেজ পরিদর্শনে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বুধবার ঢাকায় ইডেন সরকারী কলেজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে শিক্ষা-মন্ত্রী কলেজের প্রশাসনিক ভবন ও ছাত্রী নিবাস ঘুরে দেখেন এবং কলেজের শিক্ষক ও ছাত্রীদের সাথে খোলামেলা মতবিনিময় করেন।

মন্ত্রী ছাত্রী নিবাসের পানি সমস্যা সমাধানের তাৎক্ষণিক নির্দেশ প্রদান করেন এবং অন্যান্য উন্নয়নমূলক কাজ দ্রুতগতিতে সম্পন্ন করার জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

শিক্ষামন্ত্রী পরে কলেজের বিভিন্ন ছাত্র সংগঠনের নেত্রীদের সাথেও কথা বলেন। এই সময় ছাত্রদলের নেত্রী হেলেন জেরিন খান এবং ছাত্রলীগের নেত্রী মিস মৌসুমী ও হোসনে আরা হাসু উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী ছাত্রীদের সহনশীল হওয়ার ওপর গুরুত্বারোপ করে বলেন, তাদের এমন কোন কাজে জড়িয়ে পড়া উচিত হবে না যার ফলে তাদের মর্যাদা ও সম্মানহানি ঘটে। তিনি বলেন, দেশবাসী ছাত্র-ছাত্রীদের ওপর গভীর আস্থা পোষণ করে, ফলে তাদের ছাত্র সুলভ আচরণের বাইরে কোন অসুন্দর ঘটনার সূত্রপাতে দেশবাসী আহত হয়।

এর আগে শিক্ষামন্ত্রী ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে যান। সেখানে ইডেন কলেজে সংঘটিত অপ্রীতিকর ঘটনায় আহত ছাত্রী নেত্রী আতিয়া রহমান বিউটির চিকিৎসার খোঁজ-খবর নেন।